অনেক সুধীর
সহকারী সচিব
07/01/18

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা : কারিগরি-১
www.tmed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৮.০০১.১২(অংশ)- ২৭

তারিখঃ ২৪ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব মোঃ হাসমত আলী, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এ কর্মরত অবস্থায় গত ২৫/১২/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উক্ত প্রতিষ্ঠানের ইলেকট্রিক্যাল ল্যাবরেটরি কক্ষে ২০১৭ সালের ৯ম শ্রেণীর বোর্ড ফাইনাল পরীক্ষার কৃষি শিক্ষা-১ বিষয়ের ৪০৯টি উত্তরপত্র নিজে মূল্যায়ন না করে ২৩ জন ছাত্র দ্বারা মূল্যায়নকালে চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জনাব মোঃ জসিম উদ্দিন এবং বিজ্ঞ নিবার্হী ম্যাজিস্ট্রেট জনাব পাপিয়া আক্তার কর্তৃক আটক হন ;

এবং যেহেতু, আপনার এহেন অসদাচরণ, অনৈতিক ও অসৎ উদ্দেশ্যপ্রণোদিত কার্যক্রমের বিষয়ে গোপন সংবাদের ভিত্তিতে জ্ঞাত হয়ে জেলা প্রশাসনের বিজ্ঞ নিবার্হী ম্যাজিস্ট্রেট কর্তৃক আটক হওয়ার পর লিখিতভাবে আপনার দোষ স্বীকার করেছেন ;

এবং যেহেতু, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত পরীক্ষক (Examiner) হিসেবে ৯ম শ্রেণীর বোর্ড ফাইনাল পরীক্ষার উল্লিখিত উত্তরপত্র মূল্যায়নের অর্পিত দায়িত্ব পালন না করে উক্ত প্রতিষ্ঠানের ২৩ জন ছাত্র দ্বারা মূল্যায়নের অপচেষ্টায় লিপ্ত হয়ে অসদাচরণ, অনৈতিক ও অশিক্ষকসুলভ আচরণ সংঘটন করেছেন ;

এবং যেহেতু, আপনার কর্তৃক সরকারি দায়িত্বপালনে উদাসীনতা, অদক্ষতা, স্বেচ্ছাচারিতাসহ এহেন নীতিজ্ঞানহীন ও অশিক্ষকসুলভ কার্যক্রম সার্বিক শিক্ষাক্ষেত্রে তথা শিক্ষক সমাজের জন্য হানিকর এবং ভাবমূর্তি ক্ষুণ্ণের নজির সৃষ্টি করেছে ;

এবং যেহেতু, আপনার কর্তৃক সংঘটিত এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর পর্যায়ভুক্ত অভিযোগে অভিযুক্ত করে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজুসহ এ পর্যায়ে জনস্বার্থে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও আবশ্যক বলে প্রতীয়মান হয়েছে ;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১ এর উপবিধি (১) অনুযায়ী আপনাকে সরকারি চাকুরী হতে সাময়িক বরখাস্ত (Suspension) করা হলো এবং একইসাথে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২। সাময়িক বরখাস্তকালীন (Suspension Period) বিধি মোতাবেক খোরাকী ভাতাসহ (Subsistence Allowance) অন্যান্য সুবিধাদি প্রযোজ্য হবে।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৭.১.২০১৮
(মোঃ আলমগীর)
সচিব

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৮.০০১.১২ (অংশ)-১৭(১০) তারিখ : ২৪ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ ।

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
৫। অধ্যক্ষ, চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, চুয়াডাঙ্গা।
৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(আদেশটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। প্রোগ্রামার, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৯। জনাব মোঃ হাসমত আলী, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, চুয়াডাঙ্গা।
১০। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

(সুবোধ চন্দ্র ঢালী)
উপসচিব
ফোনঃ ৯৫৮২০৫৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৪৭৭.১৭.৩৪ তারিখ : ০৯ /০১/২০১৮ খ্রিঃ

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৬.০৮.০০১.১২(অংশ)-১৭ তারিখঃ ০৭ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ মোতাবেক চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব মোঃ হাসমত আলী-কে অভিযুক্ত করে তার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজুসহ জনস্বার্থে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করণ সংক্রান্ত পত্রটি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে পৃষ্ঠাংকণ পূর্বক প্রেরণ করা হলো।

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়]
০২। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। পরিচালক (প্রশাসন/ ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ পি.আই.ইউ/ পি.আই.ডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৫। অধ্যক্ষ, চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল ও কলেজ।
০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
০৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চুয়াডাঙ্গা।
০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি. সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। জনাব মোঃ হাসমত আলী, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল ও কলেজ।
১১। সংরক্ষণ নথি।

০৯/০১/১৮
( মোহাম্মদ সাজজাদ মুফতী )
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৯/০১/১৮

D:\My Documents\Pistankon (Sudip)